

প্রজ্ঞাপন

অধ্যক্ষ এর কার্যালয়, সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট, সিলেট হতে প্রেরিত ২২/০৪/২০১৮খ্রিঃ তারিখের ২৮০৩ সংখ্যক বিবেচ্যপত্রের প্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক জনাব মোঃ ফতেহ আলী, ক্রাফট ইন্সট্রাক্টর (টিআর) মেকানিক্যাল, সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট, সিলেট এর ব্যক্তিগত শুনানী গত ২৯/০৫/২০১৮ খ্রিঃ তারিখ ধার্য করা হয়। ব্যক্তিগত শুনানীতে অনুপস্থিত থাকায় কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১২.০৪.০১০.১৮-৩৫১/ক, তারিখ-১৫/০৭/২০১৮খ্রিঃ মোতাবেক জনাব মোঃ ফতেহ আলী, ক্রাফট ইন্সট্রাক্টর (টিআর) মেকানিক্যাল, সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট, সিলেট এর বিরুদ্ধে “সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮” এর বিধি ৩ এর উপবিধি (খ) মোতাবেক ‘অসদাচরণ’(Misconduct) এর অভিযোগে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রস্তুত করে ডাকযোগে স্থায়ী ঠিকানা ও বর্তমান কর্মস্থলে প্রেরণ করা হয়। প্রেরিত অভিযোগনামা ও অভিযোগ বিবরণী এর প্রেক্ষিতে তিনি কোন জবাব দাখিল না করায় এবং কর্মস্থলে অনুপস্থিতির কারণে বর্তমান ঠিকানায় প্রেরিত পত্র অত্র অধিদপ্তরে ফেরত আসায় অভিযোগের বিষয়ে তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

২। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে দেখা যায়, অভিযুক্ত কর্মচারী গত ০৭/০৩/২০১৮খ্রিঃ তারিখ হতে তদন্ত কার্যক্রম সম্পাদন কালীন সর্বমোট ২৩৫ দিন কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির কারণে ইনস্টিটিউটে শিক্ষার্থীদের ক্লাস ও সরকারী কাজ বিঘ্নিত হচ্ছে। বিধায় জনাব মোঃ ফতেহ আলী, ক্রাফট ইন্সট্রাক্টর (টিআর) মেকানিক্যাল, সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট, সিলেট এর বিরুদ্ধে “সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮” এর বিধি ৩ এর উপবিধি (খ) মোতাবেক ‘অসদাচরণ’(Misconduct) এবং ৩ এর উপবিধি (গ) মোতাবেক ‘পলায়ন’ (Desertion) এর অভিযোগ প্রমাণিত হওয়ায় উক্ত বিধিমালার বিধি ৭ এর উপবিধি (৯) অনুযায়ী গুরুদণ্ডের আওতায় কেন তাকে “চাকরি হতে বরখাস্ত” (Dismissal from service) করা হবে না সে বিষয়ে পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জবাব দাখিলের জন্য বিগত ২৩/১২/২০১৮ খ্রিঃ তারিখ দ্বিতীয় কারণ দশানোর নোটিশ তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে প্রেরণ করা হয়। তিনি গত ০২/০১/২০১৯খ্রিঃ তারিখের স্বাক্ষরে লিখিত জবাব দাখিল করেন।

৩। জনাব মোঃ ফতেহ আলী, ক্রাফট ইন্সট্রাক্টর (টিআর) মেকানিক্যাল, সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট, সিলেট এর জবাব সন্তোষজনক না হওয়ায় এবং তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনসহ সংশ্লিষ্ট সকল রেকর্ডপত্র পর্যালোচনায় জনাব মোঃ ফতেহ আলী, ক্রাফট ইন্সট্রাক্টর (টিআর) মেকানিক্যাল, সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট, সিলেট এর বিরুদ্ধে “সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮” এর ৩ এর উপবিধি (খ) মোতাবেক ‘অসদাচরণ’ এবং ৩ এর উপবিধি (গ) মোতাবেক ‘পলায়ন’ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে উক্ত বিধিমালার বিধি ৪ এর উপবিধি ১ (খ) মোতাবেক গুরুদণ্ডের আওতায় বিধি ৪ এর উপবিধি ৩ (ঘ) অনুযায়ী ০৭/০৩/২০১৮ খ্রিঃ তারিখ হতে “চাকরি হতে বরখাস্ত” (Dismissal from service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৪। এমতাবস্থায়, জনাব মোঃ ফতেহ আলী, ক্রাফট ইন্সট্রাক্টর (টিআর) মেকানিক্যাল, সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট, সিলেট কে “সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮” এর বিধি ৪ এর উপবিধি ১ (খ) মোতাবেক গুরুদণ্ডের আওতায় ৪ এর উপবিধি ৩ (ঘ) অনুযায়ী ০৭/০৩/২০১৮ খ্রিঃ তারিখ হতে “চাকরি হতে বরখাস্ত” (Dismissal from service) করা হলো। উক্ত তারিখ হতে পদটি শূন্য বলে বিবেচিত হবে বা গণ্য হবে।

৫। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


স্বাক্ষরিত/-
(রওনক মাহমুদ)
মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১২.০৪.০১০.১৮-১৮৮/ক(৮)

তারিখ- ১৮/০২/২০১৯খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। পরিচালক (প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। অধ্যক্ষ, সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট, সিলেট।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ৪৫, পুরানা পল্টন, ঢাকা-১০০০।
- ৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। জনাব মোঃ ফতেহ আলী, ক্রাফট ইন্সট্রাক্টর (টিআর) মেকানিক্যাল, সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট, সিলেট। স্থায়ী ঠিকানাঃ পিতা- মোঃ ফজর আলী, গ্রামঃ শম্ভুপুর, পাক্কার মাথা, পোঃ ভৈরব, উপজেলাঃ ভৈরব, জেলাঃ কিশোরগঞ্জ।
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। সংরক্ষণ নথি।


(নাজমুন নাহার)
সহকারী পরিচালক-৩
কারিগরি শিক্ষা অধিদপ্তর
ফোন-০২-৮১৮১২২৫